

230

শিক্ষা

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সমস্যা

আমাদের দেশে এমনিতেই শিক্ষার মান অনেক নিচে, অন্যান্য কারণসহ প্রাকৃতিক দুর্যোগজনিত পরিস্থিতিতে ছাত্র-ছাত্রীদের শিক্ষার বিরাট ব্যাঘাত ঘটে গেছে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্রিক বিভিন্ন সমস্যার দরুন ছাত্র-ছাত্রীদের পড়াশুনার ক্ষতি হচ্ছে। কোথাও শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক সংকট, শিক্ষকের অভাব, যা যথোপযুক্ত শিক্ষক না থাকায় যথারীতি শিক্ষার কাজ চলছে না। আবার কোথাও বন্যার কবলে পড়ে

যেসব শিক্ষা প্রতিষ্ঠান ধ্বংস হয়েছে সেগুলো পুনঃ নির্মাণের কাজ না হওয়াতে লেখা-পড়ায় ব্যাঘাত ঘটছে। কোথাও দীর্ঘদিন যাবত জনগণের সাহায্যে প্রতিষ্ঠিত প্রাথমিক বিদ্যালয়ে পড়া-শুনার কাজ নিয়মিতভাবে চলে আসলেও মঞ্জুরিপ্রাপ্ত বিষয়টি দীর্ঘসূত্রিতার শিকার হয়ে থাকায় সংশ্লিষ্ট শিক্ষক ও উদ্যোক্তাদের মধ্যে নিরুৎসাহ দেখা দেয়াতে এসব প্রতিষ্ঠানে পড়া-শুনা নিয়মিত হচ্ছে না। এছাড়া কয়েক পর্যায়ে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে রয়েছে ক্লাস রুমের স্বল্পতা, ছাত্র-শিক্ষক আবাসিক সংকট, কমন

রুম ও শিক্ষক পরিষদ রুমের অব্যবস্থা, বিজ্ঞানাগারের প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাব ইত্যাদি। শিক্ষা প্রতিষ্ঠানের উল্লেখিত সমস্যাবলী কোন এলাকার জন্য নির্দিষ্ট নয়, বরং বন্যাদুর্গত ও তার বাইরের সব এলাকাতেই এসব সমস্যা বিদ্যমান। এ সংক্রান্ত খবর আমাদের সংবাদপত্রসমূহে অহরহই প্রকাশিত হচ্ছে। প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ক্ষতিগ্রস্ত মানুষদের একদিকে পুনর্বাসন, অন্যদিকে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নতুন-পুরাতন সমস্যাবলীর সমাধান আমাদের সীমিত

অর্থনীতির উপর একটি অতিরিক্ত চাপ সন্দেহ নেই। কিন্তু সমস্যাগুলো বেহেতু দেশের লাখ লাখ ছাত্র-ছাত্রীর শিক্ষার সাথে জড়িত এজন্য এসব সমস্যা উপেক্ষা করার মতো নয়। এ ব্যাপারে কর্তৃপক্ষেরও দ্বিমতের অবকাশ নেই। সুতরাং ছাত্র-ছাত্রীদের শিক্ষার ব্যাঘাতের কথা চিন্তা করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্নমুখী সমস্যাবলীর সমাধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু উদ্যোগ গ্রহণ আবশ্যিক।

—মোজহারুল হক (বাবুল)